150

তারিখ ... JAN. 5. 1999... ...
পৃষ্ঠা ১০ কলাম ৭ ......

ভোরের কাগজ

# ২০০২ সালের মধ্যে বাংলাপেডিয়া প্রকাশিত হবে

এশিয়াটিক সোসাইটি অফ বাংলাদেশের উদ্যোগে বাংলা ও ইংরেজি ভাষায় ১০ খণ্ডের বিশ্বকোষ 'বাংলাপেডিয়া' ২০০২ সালে প্রকাশিত হবে।

১০ কোটি টাকার প্রকল্প বাংলাপেডিয়ায় প্রাগৈতিহাসিক থেকে বর্তমান কাল পর্যন্ত বাংলাদেশ, এদেশের মানুষের সভ্যতা ও সংস্কৃতি সংক্রান্ত সমস্ত তথ্য সন্নিবেশিত হবে। সোসাইটির ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে সোসাইটির সভাপতি অধ্যাপক মোঃ হারুন-অর রশিদ গত রোববার এ কথা বলেন। তিনি বলেন, গবেষক, পেশাজীবী, ছাত্র ও সাধারণ মানুষের জন্য জাতীয় তথ্য ভাণ্ডার হিসেবে বাংলাপেডিয়ার পরিকল্পনা করা হয়েছে।

অনুষ্ঠানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের 'সেন্টার ফর ম্যাথমেটিক্যাল এন্ড ফিজিক্যাল সায়েন্সেস'-এর পরিচালক অধ্যাপক জামাল নজরুল ইসলাম 'এশিয়ায় বিজ্ঞান ও সভ্যতার প্রেক্ষিত' শীর্ষক বক্তৃতা প্রদান করেন। বক্তব্য রাখেন সোসাইটির সাধারণ সম্পাদক ড. শাহজাহান মিয়া এবং সচিব অধ্যাপিকা মাহফুজা খানম। অনুষ্ঠানে ১৯৯৬ সালে প্রকাশিত 'ডিসকভারি অফ বাংলাদেশ : এক্সপ্লোরেশনস ইনটু ডিনামিক্স অফ এ হিডেন 'নেশন' শীর্ষক গ্রন্থের জন্য লেখক ড. আকবর আলী খানকে এ বছরের 'বিচারপতি মুহাম্মদ ইব্রাহিম স্বর্ণপদক' প্রদান করা হয়। তত্ত্বাবধায়ক সরকারের সাবেক প্রধান বিচারপতি হাবিবুর রহমান, বিশিষ্ট আইনবিদ ব্যারিস্টার সৈয়দ ইশতিয়াক আহমেদ প্রমুখসহ সোসাইটির কাউন্সিল সদস্য ও সাধারণ সদস্যরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বাসস।